# শোকাবহ ১৫ আগস্ট:বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের মৃত্যুবার্ষিকী আজ



সংগৃহীত ছবি

আজ বাঙালি জাতি গভীর শোক ও শ্রদ্ধার সঙ্গে স্মরণ করছে স্বাধীন বাংলাদেশের স্থপতি ও জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে। ১৯৭৫ সালের এই দিনে ভোররাতে একদল বিপথগামী সেনা কর্মকর্তা ধানমন্ডির ৩২ নম্বর সড়কের বাসভবনে বঙ্গবন্ধু ও তাঁর পরিবারের বেশিরভাগ সদস্যকে নির্মমভাবে হত্যা করে।

সেই দিনের ভোরে সংঘটিত এই ঘটনা শুধু একটি পরিবারকে নয়, পুরো জাতিকে স্তব্ধ করে দিয়েছিল। নিহতদের মধ্যে ছিলেন বঙ্গবন্ধুর সহধর্মিণী ফজিলাতুন্নেসা মুজিব, তিন পুত্র শেখ কামাল, শেখ জামাল ও কনিষ্ঠ পুত্র শেখ রাসেল, দুই পুত্রবধূ এবং আত্মীয়স্বজন। এ হত্যাকাণ্ডে বেঁচে যান কেবল দুই কন্যা শেখ হাসিনা ও শেখ রেহানা, যারা সে সময় বিদেশে ছিলেন।

বঙ্গবন্ধুর ৫০তম মৃত্যুবার্ষিকী উপলক্ষে দেশের বিভিন্ন পেশার মানুষ সামাজিক যোগাযোগমাধ্যমে পোস্ট দিয়ে তাঁকে স্মরণ করেছেন।

বঙ্গবন্ধুর মৃত্যুবার্ষিকী শুধু শোকের দিন নয়—এটি স্বাধীনতা ও মুক্তির চেতনা, গণতন্ত্র ও অসাম্প্রদায়িকতার পথ ধরে এগিয়ে যাওয়ার এক অনন্ত প্রেরণার দিন। তাঁর আদর্শ ও ত্যাগের স্মৃতি আজও জাতিকে নতুনভাবে জাগ্রত করে।

LENS ASIA